

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৩৪

আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

জাগরণ পত্রিকার সম্পাদক  
পরিতোষ বিশ্বাসের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

রাজ্যের প্রবীণ সাংবাদিক ও জাগরণ পত্রিকার সম্পাদক পরিতোষ বিশ্বাসের প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘প্রয়াত পরিতোষ বিশ্বাস রাজ্যের একজন বর্ষিয়ান সাংবাদিক ও সম্পাদক। তাঁর প্রয়াণে রাজ্যের সংবাদপত্র জগৎ একজন দায়িত্ববান অভিভাবককে হারাল। আমরা একজন স্বজনকে হারালামা’

শোকবার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াত পরিতোষ বিশ্বাসের শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন এবং প্রয়াতের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেছেন।

রাজ্যের বাইরে অবস্থানরত মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ সকালে প্রয়াত পরিতোষ বিশ্বাসের ছেলে সন্দীপ বিশ্বাসের সাথে টেলিফোনে কথা বলেন এবং পরিবারের প্রতি সমবেদনা জানান।

\*\*\*\*\*